

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাঠালিয়া, ঝালকাঠি  
www.kathalia.jhalakathi.gov.bd

স্মারক নং- ০৫.১০.৪২৪৩.০০১.১২.০০৭.১৯- ৮২৪

তারিখ : ১৮.৯.২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ অনুযায়ী কাঠালিয়া উপজেলার ৫ নং শৌলজালিয়া ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডে ০১ জন মহল্লাদার এর গুণ্য পদে লোক নিয়োগের লক্ষ্যে আগামী ১০/১০/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ৫নং শৌলজালিয়া ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে) ১৮/০৯/২০১৯ তারিখ বয়স, জাতীয় পরিচয় পত্র নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, কাঠালিয়া এর বরাবরে আবেদন করতে হবে এবং আবেদনপত্র আগামী ১০/১০/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অবশ্যই দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- ২। ১৮/০৯/২০১৯ তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের স্ব-পক্ষে প্রমানকসহ ১৮ থেকে ৩২ বছর হতে হবে।
- ৩। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ, ইউপি চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৫। পুরুষের ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলাদের ক্ষেত্রে ৫ ফুট হতে হবে।
- ৬। পুরুষের ক্ষেত্রে বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), মহিলার ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) হতে হবে।
- ৭। সর্বনিম্ন ওজন পুরুষের ক্ষেত্রে ৫০ কেজি এবং মহিলার ক্ষেত্রে ৪৫ কেজি হতে হবে।
- ৮। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- ৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন\*

উপজেলা নির্বাহী অফিসার  
কাঠালিয়া, ঝালকাঠি

ফোন: ০৪৯৫২-৫৬০০১, ফ্যাক্স: ০৪৯৫২-৫৬০৬৯

ই-মেইল: unokathalia@mopa.gov.bd



তারিখ : ১৮.৯.২০১৯

স্মারক নং- ০৫.১০.৪২৪৩.০০১.১২.০০৭.১৯-

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, ঝালকাঠি।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি।
- ০৪। জনাব অতনু কিশোর দাস মুন, সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাঠালিয়া, ঝালকাঠি।
- ০৫। অফিসার ইন-চার্জ, কাঠালিয়া থানা, ঝালকাঠি।
- ০৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কাঠালিয়া, ঝালকাঠি।
- ০৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কাঠালিয়া, ঝালকাঠি।
- ০৮। চেয়ারম্যান, ০৫নং শৌলজালিয়া ইউনিয়ন পরিষদ, কাঠালিয়া। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে এবং সংশ্লিষ্ট ইউনিয়নের হাট-বাজারে ঢোল সহরত করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সচিব, ০৫নং শৌলজালিয়া ইউনিয়ন পরিষদ, কাঠালিয়া, ঝালকাঠি।
- ১০। নোটিশ বোর্ড।

উপজেলা নির্বাহী অফিসার  
কাঠালিয়া, ঝালকাঠি

